



মায়ের মৃত্যুর ঘটনায় যুগ্ম সচিবকে প্রত্যাহার করলো সরকার



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুরে ৭৫ বছর বয়সী নুরজাহান বেগমের মৃত্যুকে ঘিরে সন্তানদের অবহেলার অভিযোগ সামনে আসার পর প্রশাসনে বড় ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। ঘটনায় জড়িত অভিযোগ ওঠা তার ছেলে, মংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য (যুগ্ম সচিব) এ কে এম আনিসুর রহমানকে পদ থেকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে।

বুধবার (৩ জুন) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়।

এর আগে বিষয়টি নিয়ে প্রতিক্রিয়া জানিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী বলেন, পিতা-মাতার ভরণপোষণ আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি এ কে এম আনিসুর রহমানের বক্তব্য নেওয়া এবং পুরো বিষয়টি খতিয়ে দেখার কথাও জানানো হয়।

গত ৩১ মে ৯৯৯-এ ফোন পেয়ে পুলিশ মিরপুর-১১ এলাকার একটি বাসা থেকে নুরজাহান বেগমের মরদেহ উদ্ধার করে। পরে জানা যায়, মরদেহটি কয়েকদিন ধরে পড়ে ছিল এবং পচন ধরেছিল।

পুলিশের ভাষা অনুযায়ী, দুর্গন্ধ ছড়িয়ে পড়ার পর স্থানীয়রা বিষয়টি জানালে তারা ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।

ঘটনার পর পরিবারটি নিয়ে নানা প্রশ্ন উঠেছে। জানা গেছে, নিহত নারীর তিন সন্তান রয়েছেন—একজন যুগ্ম সচিব, একজন বুয়েট শিক্ষক এবং একজন স্কুল শিক্ষক। তবে তাদের পক্ষ থেকে দায়িত্বশীল আচরণ ছিল কি না, তা নিয়ে জনমনে ব্যাপক আলোচনা ও সমালোচনা চলছে।